অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/30/2026 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা: গভর্নর হোকল তরুণদের স্পোর্টস ওয়েজারিং থেকে দূরে রাখতে এবং নিউ ইয়র্কবাসীদের জুয়ার ক্ষতি থেকে সুরক্ষিত রাখতে নেওয়া পদক্ষেপগুলোর পূর্বাভাস দেন

গভর্নর হোকল-এর 2026 সালের স্টেট বিষয়ক ভাষণের প্রেক্ষিতে নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশন জনমত গ্রহণের জন্য বিস্তারিত খসড়া পদক্ষেপ প্রকাশ করেছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ব্যাপক পদক্ষেপগুলোর পূর্বাভাস দেন, যা অনলাইনে যুবকদের জুয়া খেলা থেকে বিরত রাখবে, স্পোর্টস ওয়েজারিং অপারেটরদের বেটরদের লক্ষ্য করে AI ব্যবহার করা থেকে নিষিদ্ধ করবে, এমন কার্যক্রম ট্রিগার স্থাপন করবে যা অপারেটরদের তাদের গ্রাহকদের খোঁজ নিতে বাধ্য করবে এবং আইনগতভাবে জুয়া খেলতে সক্ষম নিউ ইয়র্কবাসীদের সম্ভাব্য ক্ষতি থেকে সুরক্ষিত রাখতে আরো উদ্ভাবনী উদ্যোগ স্থাপন করবে।

"মোবাইল স্পোর্টস ওয়েজারিং থেকে সর্বত্র ছড়িয়ে পড়েছে, যা সবাইকে — আমাদের যুবকদেরও অন্তর্ভুক্ত করে — পরিণতি সম্পূর্ণভাবে বিবেচনা না করেই বাজি ধরতে প্রলুব্ধ করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের শক্তিশালী নিয়ন্ত্রক সুরক্ষা ব্যবস্থা প্রয়োজন যাতে 21 বছরের কম বয়সীদের জুয়া খেলা থেকে বিরত রাখা যায়, কৃত্রিম বুদ্ধিমত্তাকে জুয়াড়িদের উপর শিকারি আচরণ করা থেকে বিরত রাখা যায় এবং যদি তাদের কোনো গ্রাহক জুয়া-সম্পর্কিত ক্ষতির লক্ষণ প্রদর্শন করে, তবে স্পোর্টস ওয়েজারিং অপারেটরদের বাস্তব পদক্ষেপ নিতে বাধ্য করা যায়। এই লক্ষ্যগুলো অর্জন এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে ব্যাপক পদক্ষেপ প্রস্তাব করার জন্য আমি গেমিং কমিশনকে ধন্যবাদ জানাই। মনে রাখবেন: শুধুমাত্র বৈধ ও নিয়ন্ত্রিত গেমিংয়ের ক্ষেত্রেই এ ধরনের সুরক্ষা ব্যবস্থা বিদ্যমান থাকে।"

গভর্নর Hochul (হোকল) তার 2026 সালের স্টেট ভাষণে নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশনকে নির্দেশ দেন যথাযথ ব্যবস্থা নিতে যাতে তরুণরা বেটিং অ্যাপ ডাউনলোড করা, অ্যাকাউন্ট তৈরি করা বা অন্যদের অ্যাকাউন্ট ব্যবহার করা থেকে বিরত থাকে। কমিশনকে গভর্নর Hochul (হোকল) আরো নির্দেশ দেন নতুন প্রযুক্তি ব্যবহার করে এমন উপায় বিবেচনা করতে, যা জুয়া আসক্তির সহায়তা প্রয়োজন হতে পারে এমন ব্যক্তিদের শনাক্ত ও সহায়তা করতে সাহায্য করবে।

নিউ ইয়র্ক স্টেটে স্পোর্টস ওয়েজারিং করার বৈধ বয়স হলো 21 বছর। কমিশন সকল লাইসেন্সপ্রাপ্ত অপারেটরকে উপযুক্ত বয়স যাচাইকরণ সরঞ্জাম রাখতে বাধ্য করে, যাতে 21

বছরের কম বয়সীরা তাদের পরিচয় ব্যবহার করে অ্যাকাউন্ট তৈরি ও স্থাপন করতে না পারে। তবে এটি স্পষ্ট যে অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিরা বৈধভাবে প্রতিষ্ঠিত অ্যাকাউন্ট ব্যবহার করে বাজি ধরেছে বা অন্য কোনো উপায়ে জুয়া খেলার পথ খুঁজে পেয়েছে। এ ধরনের ঘটনা শনাক্ত হলে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হয়।

গেমিং কমিশন দুটি খসড়া বিধিমালা প্রকাশ করেছে, যেখানে যুবকদের সুরক্ষা এবং অতিরিক্ত দায়িত্বশীল গেমিং অনুশীলন বাস্তবায়নের সম্ভাব্য সুরক্ষা ব্যবস্থাগুলো বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে। কমিশন আনুষ্ঠানিক প্রস্তাব দেওয়ার আগে এই পদক্ষেপগুলো জনসমক্ষে প্রকাশ করছে, যাতে শুধু স্পোর্টস ওয়েজারিং শিল্প, দায়িত্বশীল গেমিং পরামর্শক এবং জুয়া আসক্তির চিকিৎসা বিশেষজ্ঞদের কাছ থেকেই নয়, বরং প্যারেন্ট-টিচার সংগঠন, স্কুল, ধর্মীয় সংগঠনসহ আরো বিভিন্ন পক্ষের কাছ থেকেও মতামত পাওয়া যায়। কমিশন প্রস্তাবিত খসড়ার ওপর মতামত 15 মে 2026 তারিখ পর্যন্ত gamingrules@gaming.ny.gov ইমেইলের মাধ্যমে গ্রহণ করছে।

গেমিং কমিশনের প্রধান Brian O'Dwyer (ব্রায়ান ও'ডায়ার) বলেন, "গভর্নর Hochul (হোকল) যথার্থভাবেই যেমনটি তুলে ধরেছেন: জুয়ার অন্য কোনো ধরন স্পোর্টস ওয়েজারিংয়ের মতো আমাদের চিন্তা-চেতনায় এত গভীরভাবে প্রভাব ফেলেনি এবং সহজেই প্রভাবিত হওয়া শিশুরা নিয়মিতভাবে এর সংস্পর্শে আসছে। তার নির্দেশনা অনুযায়ী, আমরা আমাদের যুবকদের সুরক্ষিত রাখা, সংকটময় মুহূর্তে সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের সাহায্য করা এবং বৈধ ও নিয়ন্ত্রিত গেমিংকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ রাখতে অতিরিক্ত উপায় চিহ্নিত করেছি। আমরা এই গুরুত্বপূর্ণ প্রস্তাবগুলোর বিষয়ে জনসাধারণের মতামত পাওয়ার অপেক্ষায় আছি।"

OASAS কমিশনার Dr. Chinazo Cunningham (ড. চিনাজো কানিংহাম) বলেন, "জুয়া আসক্তিকে প্রায়ই একটি "গোপন আসক্তি" বলা হয়, কারণ এর কোনো দৃশ্যমান শারীরিক লক্ষণ থাকে না। তবে এটি মাদকাসক্তির মতোই সমানভাবে ধ্বংসাত্মক হতে পারে। গেমিংয়ের সুযোগগুলো ক্রমাগত বিস্তৃত হওয়ার সঙ্গে সঙ্গে, 21 বছরের কম বয়সীদের এই কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত রাখতে আমাদের কর্মসূচিগুলোকে শক্তিশালী করা গুরুত্বপূর্ণ। আমরা এই প্রস্তাবিত সংস্কারগুলোর বিষয়ে জনসাধারণের মতামত পাওয়ার অপেক্ষায় আছি, পাশাপাশি অপ্রাপ্তবয়স্কদের জুয়া খেলা প্রতিরোধ এবং সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও কল্যাণ সুরক্ষায় গভর্নর Hochul (হোকল)-এর প্রচেষ্টাকে সমর্থন করার কাজ অব্যাহত রাখছি।"

নিউ ইয়র্ক কাউন্সিল অন প্রবলেম গ্যাম্বলিং-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Michelle Hadden (মিশেল হ্যাডেন) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর আহ্বানের প্রেক্ষিতে এই প্রস্তাবিত পদক্ষেপগুলো দ্রুত খসড়া করা ও প্রকাশ করার জন্য গেমিং কমিশনের দ্রুত উদ্যোগ নেওয়া প্রমাণ করে যে নিউ ইয়র্কে জুয়া আসক্তিকে একটি গুরুত্বর সমস্যা হিসেবে বিবেচনা করা হচ্ছে। নিয়ন্ত্রক পদক্ষেপগুলো নিশ্চিত করার জন্য একটি প্রয়োজনীয় অংশ যে জুয়ার পরিবেশটি শুধুমাত্র বৈধ বয়সীদের জন্য বিনোদনের উদ্দেশ্যে থাকে এবং এটি নিউ ইয়র্কের সমন্বিত জনস্বাস্থ্য পদ্ধতির একটি গুরুত্বপূর্ণ অংশ। এই পরিবেশগুলোতে মানুষের দুর্বলতাকে কোনোভাবেই শোষণ করা উচিত নয় এবং গেমিং কমিশন যে সুস্পষ্ট পদক্ষেপগুলো তুলে ধরছে ও সুপারিশ করছে আমরা তার প্রশংসা করি।"

স্টেট সিনেটর Samra Brouk (সামরা ব্রুক) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে যুবকদের মানসিক স্বাস্থ্য এখনো একটি সংকটের মধ্যে রয়েছে। সিনেট মেন্টাল হেলথ কমিটির প্রধান হিসেবে আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই এমন পদক্ষেপ গ্রহণের জন্য, যা আমাদের তরুণদের অনলাইন জুয়া থেকে সুরক্ষিত রাখবে এবং সম্ভাব্য ক্ষতি থেকে নিরাপদ রাখবে।"

গ্রাহকদের লক্ষ্য করে AI ব্যবহার করা থেকে সকল গেমিং অপারেটরকে নিষিদ্ধ করা
কমিশন সকল লাইসেন্সধারী বা ফ্র্যাঞ্চাইজি—শুধু স্পোর্টস ওয়েজারিং নয়—বরং গ্রাহকদের জন্য ব্যক্তিগতকৃত প্রমোশন বা প্রস্তাবিত বাজি বা বাজির পরিমাণ দেওয়ার ক্ষেত্রে AI ব্যবহার সীমিত করার বিষয়টি বিবেচনা করছে।

অপ্রাপ্তবয়স্কদের প্রবেশ আরো বেশি প্রতিরোধ করা
নিউ ইয়র্ক স্টেটে অপ্রাপ্তবয়স্কদের স্পোর্টস ওয়েজারিংয়ে প্রবেশ আরো বেশি করে প্রতিরোধ করতে, কমিশন নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করছে:

- বয়স যাচাইকরণ এবং ডিভাইস নিবন্ধন নিয়ন্ত্রণ বাধ্যতামূলক করা, যাতে কোনো অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি তাদের ডিভাইসে জুয়ার অ্যাপ ডাউনলোড বা ইনস্টল করতে না পারে।
- অ্যাকাউন্ট তৈরি করার সময় ব্যক্তিদের বায়োমেট্রিক তথ্য প্রদান বাধ্যতামূলক করা, যাতে পরবর্তীতে অ্যাকাউন্ট ব্যবহারকারী ব্যক্তি সেই একই ব্যক্তি হন যিনি অ্যাকাউন্টটি তৈরি করেছিলেন তা নিশ্চিত করা যায়। বর্তমান অ্যাকাউন্টধারীদের তাদের বায়োমেট্রিক তথ্য প্রদান করার জন্য 2 মাস সময় দেওয়া হবে, নতুবা তাদের অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হবে।
- একজন বেটরকে একটি সেশনে বাজি ধরার আগে এবং বাজি গ্রহণ করার আগেও তাদের বায়োমেট্রিক ID প্রদান বাধ্যতামূলক করা।
- স্পোর্টস ওয়েজারিং লাইসেন্সধারীদের জিওলোকেশন নিয়ন্ত্রণ ব্যবহার বাধ্যতামূলক করা, যাতে নিম্নলিখিত স্থানগুলো থেকে প্রবেশের চেষ্টা করা হলে তা অস্বীকার করা যায়:
    - গ্রাহকের সাধারণত ব্যবহৃত ডিভাইস ছাড়া অন্য কোনো মোবাইল ডিভাইস; অথবা
        - এমন স্থান, যেখানে গ্রাহক সাধারণত অ্যাপটি ব্যবহার না করে থাকেন এবং যদি তারা বায়োমেট্রিক ID মাধ্যমে তাদের পরিচয় নিশ্চিত না করেন।
        - এমন দুই বা ততোধিক দূরবর্তী স্থান থেকে অ্যাকাউন্টে প্রবেশ প্রতিরোধ করা, যেখানে একই সময়ে বা প্রায় একই সময়ে গ্রাহকের উপস্থিত থাকা সম্ভব নয়।
        - প্রাপ্তবয়স্কদের নির্দিষ্ট সময়ের জন্য তাদের সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করে স্পোর্টস ওয়েজারিং অ্যাকাউন্ট খোলা প্রতিরোধ করার সক্ষমতা প্রদান করা।

কমিশন আরো বিবেচনা করছে যে, কোনো ব্যক্তি যদি অপ্রাপ্তবয়স্ক কাউকে জুয়া খেলতে অনুমতি দেন, তাহলে তাকে নিউ ইয়র্ক স্টেটে যে কোনো ধরনের জুয়ায় অংশগ্রহণ থেকে বাধ্যতামূলকভাবে নিষিদ্ধ করা হবে। এ ধরনের ব্যক্তিদের নিউ ইয়র্ক স্টেটের যে কোনো স্থানে

নিউ ইয়র্ক লটারি খেলা, ঘোড়দৌড়ে অংশগ্রহণ করা, কোনো কমার্শিয়াল ক্যাসিনোতে কনসার্টে অংশ নেওয়া বা রেস্টুরেন্টে খাওয়া ইত্যাদি থেকে নিষিদ্ধ করা হবে।

অপারেটরের দায়িত্বশীল গেমিং প্রধান, গ্রাহক কার্যক্রম ট্রিগার এবং হস্তক্ষেপের ধাপসমূহ

কমিশন নিউ জার্সি থেকে একটি সমন্বিত দায়িত্বশীল গেমিং প্রস্তাবও বিবেচনা করছে, যা অপারেটরের হস্তক্ষেপের জন্য গ্রাহকের কার্যক্রমভিত্তিক ট্রিগার নির্ধারণ করবে এবং প্রতিটি অপারেটরকে একজন দায়িত্বশীল গেমিং প্রধান নিয়োগ করতে বাধ্য করবে, যিনি নিয়ন্ত্রক প্রয়োজনীয়তাগুলো বাস্তবায়ন করবেন এবং এর মধ্যে ঝুঁকিপূর্ণ গ্রাহকদের শনাক্ত ও তালিকা সংরক্ষণ করা, তাদের দায়িত্বশীল গেমিং সম্পর্কিত তথ্য প্রদান নিশ্চিত করা এবং তাদের কাছে সরাসরি বিজ্ঞাপন সামগ্রী উপস্থাপন না করা অন্তর্ভুক্ত থাকবে; এছাড়াও এই প্রধান অপারেটরের হস্তক্ষেপের জন্য নির্ধারিত নিম্নলিখিত ট্রিগারগুলোর ভিত্তিতে নির্দিষ্ট ধাপে ধাপে হস্তক্ষেপ কার্যক্রম গ্রহণ করবে:

1. কোনো গ্রাহকের জমা যদি 24 ঘণ্টার মধ্যে 10,000 মার্কিন ডলার অতিক্রম করে
2. কোনো গ্রাহকের জমা যদি 90 দিনের মধ্যে 100,000 মার্কিন ডলার অতিক্রম করে
3. কোনো গ্রাহক যদি 30 দিনের মধ্যে 3 বার বা তার বেশি স্বেচ্ছা স্ব-নিষেধাজ্ঞা অনুরোধ পেজে প্রবেশ করেন, কিন্তু স্ব-নিষেধাজ্ঞা প্রক্রিয়া সম্পন্ন করেন না
4. কোনো গ্রাহক যদি প্রথম কুল-অফ সময়সীমা শেষ হওয়ার 45 দিনের মধ্যে দ্বিতীয়বার কুল-অফ সময়সীমার জন্য অনুরোধ করেন
5. কোনো গ্রাহক যদি 7 দিনের মধ্যে অপারেটর প্রদত্ত দায়িত্বশীল গেমিং সীমাগুলোর মধ্যে যে কোনো একটিতে কোনো হ্রাস ছাড়াই পরপর 3 বার বৃদ্ধি করেন
6. কোনো গ্রাহক যদি 10 দিনের মধ্যে 3 বার উত্তোলনের অনুরোধ বাতিল করেন
7. কোনো গ্রাহকের অ্যাকাউন্টের মোট লেনদেনের পরিমাণ 90 দিনের মধ্যে 1,000,000 মার্কিন ডলার অতিক্রম করে
8. যদি কোনো গ্রাহকের অ্যাকাউন্টে লগইন অবস্থায় ব্যয় করা সময় বর্তমান সপ্তাহে আগের টানা 2 সপ্তাহের তুলনায় 50 শতাংশ বা তার বেশি বৃদ্ধি পায়
9. যদি কোনো গ্রাহক একই সপ্তাহে 2 বা তার বেশি জুয়া বা গেমিং সেশন শেষ করেন, যেখানে প্রতিবারই অ্যাকাউন্টে অবশিষ্ট ব্যালেন্স 1 মার্কিন ডলারের কম থাকে
10. কোনো গ্রাহক যদি একই সপ্তাহে 2 বা তার বেশি সেশন শেষ করেন, যেখানে প্রতিটি পরবর্তী সেশনে আগের সেশনের তুলনায় মোট বাজির সংখ্যা বৃদ্ধি পায়
11. কোনো গ্রাহক যদি 24 ঘণ্টার মধ্যে দুইটির বেশি উৎস থেকে অর্থ জমা করেন
12. অপারেটর দ্বারা চিহ্নিত যে কোনো অতিরিক্ত ট্রিগার, যা সমস্যা জুয়া আচরণের সম্ভাব্য সূচক হিসেবে বিবেচিত হয়
13. কমিশন দ্বারা চিহ্নিত যে কোনো অতিরিক্ত ট্রিগার

উপরোক্ত ট্রিগারগুলো অপারেটরের পক্ষ থেকে উপযুক্ত ধাপভিত্তিক হস্তক্ষেপ গ্রহণকে বাধ্যতামূলক করবে:

ধাপ 1। অপারেটরকে গ্রাহকের সঙ্গে যোগাযোগ করতে হবে এবং অপারেটরের দায়িত্বশীল গেমিং সুবিধাগুলোর প্রাপ্যতা সম্পর্কে তথ্য প্রদান করতে হবে এবং যার মধ্যে সময়, ক্ষতি ও

জমা সীমা, কুল-অফ সময়সীমার বিকল্প, স্ব-নিষেধাজ্ঞার অনুরোধ এবং অ্যাকাউন্ট বন্ধ করার প্রক্রিয়া অন্তর্ভুক্ত থাকবে এবং পাশাপাশি দায়িত্বশীল গেমিং সহায়তা এবং গেমিং আসক্তি মোকাবিলায় ব্যবহারযোগ্য বিভিন্ন সহায়তা সংক্রান্ত তথ্যও প্রদান করতে হবে।

ধাপ 2। বাজি চালিয়ে যেতে হলে অপারেটরকে গ্রাহককে জুয়ার ক্ষতি সম্পর্কিত একটি ভিডিও দেখা বাধ্যতামূলক করতে হবে। ভিডিওটিতে অপারেটরের দায়িত্বশীল গেমিং সুবিধাগুলোর বিবরণও থাকতে হবে।

ধাপ 3। অপারেটরের দায়িত্বশীল গেমিং প্রধানকে ফোন, ভিডিও কল বা অন্যান্য অনুমোদিত পদ্ধতির মাধ্যমে গ্রাহকের সঙ্গে যোগাযোগ করতে হবে, তার আচরণ নিয়ে আলোচনা করতে হবে এবং অপারেটরের প্রদত্ত সকল দায়িত্বশীল গেমিং বিকল্পগুলো তুলে ধরতে হবে। দায়িত্বশীল গেমিং প্রধানকে গ্রাহককে একজন দায়িত্বশীল গেমিং পেশাজীবীর যোগাযোগের তথ্য প্রদান করতে হবে, পাশাপাশি নিজের যোগাযোগের তথ্যও দিতে হবে। দায়িত্বশীল গেমিং প্রধান যদি মনে করেন যে গ্রাহক নিজের বা অন্যদের জন্য ক্ষতির ঝুঁকিতে থাকতে পারেন, তাহলে তিনি গ্রাহককে জরুরি চিকিৎসা অথবা মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের কাছে বা আইন প্রয়োগকারী সংস্থার কাছে রেফার করতে পারেন। ধাপ-3 হস্তক্ষেপ অনুযায়ী প্রয়োজনীয় সরাসরি যোগাযোগ সম্পন্ন না হওয়া পর্যন্ত এবং দায়িত্বশীল গেমিং প্রধানের দ্বারা এই সিদ্ধান্তে পৌঁছানো না পর্যন্ত যে গ্রাহক সমস্যা জুয়া আচরণ প্রদর্শন করছেন না, ততক্ষণ পর্যন্ত গ্রাহকের অ্যাকাউন্ট স্থগিত থাকবে। যদি ধাপ-3 হস্তক্ষেপের পর দায়িত্বশীল গেমিং প্রধান এই সিদ্ধান্তে পৌঁছান যে গ্রাহকের জুয়ার আসক্তি লক্ষণ প্রদর্শন করছেন, তাহলে গ্রাহকের অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হবে এবং তাকে উপলভ্য জুয়ার আসক্তি সহায়তা সেবাগুলোর কাছে রেফার করা হবে।

খসড়া বিধিমালার পুর্নাঙ্গ তথ্য অনলাইনে উপলভ্য রয়েছে:

- অপ্রাপ্তবয়স্কদের খেলা প্রতিরোধের জন্য সম্ভাব্য বিধিনির্মাণ (9 NYCRR § 5402.4)
- দায়িত্বশীল গেমিংয়ের জন্য সম্ভাব্য বিধিনির্মাণ (9 NYCRR Part 5404)

গেমিং কমিশন নিউ ইয়র্কের রেসপনসিবল প্লে পার্টনারশিপ (RPP)-এর অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (OASAS) এবং নিউ ইয়র্ক কাউন্সিল অন প্রবলেম গ্যাম্বলিং-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে। RPP সমস্যা জুয়া মোকাবিলার জন্য সকল অংশীজনকে একত্রিত করে, যার মধ্যে গেমিং সুবিধা অপারেটরদের সঙ্গে সমস্যা জুয়ায় আসক্ত চিকিৎসা প্রদানকারীদের মধ্যে ব্যবধান কমানোও অন্তর্ভুক্ত রয়েছে। RPP কাজ করে যাতে স্টেটের সকল গেমিং প্রতিষ্ঠান সকল নিয়ম ও বিধি মেনে চলে এবং যেসব ব্যক্তির সহায়তা প্রয়োজন তাদের জন্য সহায়তা পাওয়ার সুযোগ নিশ্চিত করা যায়। RPP নিউ ইয়র্কের জুয়ায় আসক্তি প্রতিরোধ ও চিকিৎসায় চলমান প্রতিশ্রুতি এগিয়ে নিতে কাজ চালিয়ে যাচ্ছে।

যারা সহায়তা খুঁজছেন তারা NYProblemGamblingHelp.org ওয়েবসাইটে যেতে পারেন অথবা নিউ ইয়র্ক স্টেটের গোপনীয় HOPEline-এ 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে কল করতে পারেন বা 467369 নম্বরে HOPENY লিখে টেক্সট করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন